

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৭৫

১৪. মানত ও শপথ অধ্যায় (کتاب النذور والأيمان) পরিচ্ছেদঃ ২. মানতের কাফ্ফারা সম্পর্কে

بَابِ فِي كَفَّارَةِ النَّذْرِ

## আরবী

حَدَّ ثَنَا سَعِيدُ بْنُ مَنْصُورٍ حَدَّ ثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ عَنْ عَمْرِو بْنِ أَبِي عَمْرٍو عَنْ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَدْرَكَ شَيْخًا يَمْشِي بَيْنَ ابْنَيْهِ فَقَالَ مَا شَأْنُ هَذَا الشَّيْخِ فَقَالَ ابْنَاهُ نَذَرَ أَنْ يَمْشِيَ فَقَالَ ارْكَبْ فَإِنَّ اللَّهَ غَنِيٌّ عَنْكَ وَعَنْ نَذْرِكَ

## বাংলা

২৩৭৫. আনাস ইবন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দেখতে পান যে, জনৈক বয়স্ক ব্যক্তি তার দু'ছেলের মাঝে পায়ে হেঁটে যাচ্ছিল । তখন তিনি জিজ্ঞাসা করেন: "এ লোকটির কী হয়েছে?" তখন তার দু'ছেলে বললো: লোকটি পায়ে হেঁটে চলার জন্য মানত করেছে। তখন তিনি বলেনঃ "তুমি সাওয়ার হয়ে চলো। কেননা, আল্লাহ্ তা'আলা তোমার ও তোমার মানতের মুখাপেক্ষী নন।"[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, ন্যর ১৬৪৩।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নৃং ২৫৪ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন